

পার্সিফোনির দুই বোন  
সিলভিয়া প্ল্যাথ

তারা দুটি মেয়ে । ঘরের ভিতরে  
বসে একজন, বাইরে অপরা  
সারা দিনমান আলো আর ছায়া  
দ্বৈতগীত গায় ভিতরে তাদের ॥

কাঠের দেয়াল ঘরের অঁধারে  
গণনায়ন্ত্রে কষছে প্রথমা  
সমাধান যত গঠন অঁকের ॥

হিসেব রাখছে শূখো টিক্ টিক্  
এক একটি অঁক কষা হয়ে গেলে ॥

বন্ধা সাধনে মগ্ন মেয়ের  
টেবো চোখ হয় ইঁদুর-চালক  
শীর্ণ শরীর, ফ্যাকাশে চামড়া ॥

অপরা মাটির মতন তামাটে  
আফিং ফুলের ক্ষেতে শূয়ে শোনে  
দখিন হাওয়ায় টিক্ টিক্ ধবনি  
ওড়ে যেন রেণু কমলাকান্ত ॥

দেখে সূর্যের তীক্ষ্ণ ফলায়  
পুড়ছে ফুলের রঙ পাপড়ি  
খুলছে তাদের রেশমী আঙন ॥

কন্যা তখন সবুজ বেদিতে  
স্বয়ংবরা সে সূর্যের বধু  
উর্বর তনু দ্রুত বীজবতী  
ভৃগুগালিচায় প্রসবে পুত্র  
রাজটীকা ধারী ॥

এবং অপরা  
কচলানো লেবু বিবস তিন্ত  
অক্ষতযোনি চলেছে কবরে  
কীটস্বামী সেথা শয়নসঙ্গী ।

নারী হওয়া তার ভাগ্যে ঘটেনি ।

অনু বাদ ঃ শিবনারায়ণ রায়

